যুগান্তর

JUN. 1 6 2002

# চবিতে সন্ত্রাসী হামলায় ছাত্রলীগ কর্মী আহত

**চট্টগ্রাম ব্যুরো**

গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ফেরার পথে সন্ত্রাসীদের হামলায় এক ছাত্রলীগ কর্মী গুরুতর আহত হয়েছে। তার নাম হুমায়ুন কবির হিমু। সে মার্কেটিং, বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র। তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ২৮ নং ওয়ার্ডে নিউরো সার্জারি বিভাগে ভর্তি করা হয়েছে। ছাত্রলীগ এ হামলার জন্য শিবিরকে দায়ী করেছে। এ হামলার প্রতিবাদে ছাত্রলীগ শিগগিরই আন্দোলন কর্মসূচি ঘোষণা করবে বলে জানিয়েছে। তবে চবি ছাত্র শিবিরের সভাপতি আলাউদ্দিন সিকদার বলেন, ক্যাম্পাসে এ ধরনের কোন ঘটনা হয়নি। তিনি বলেন, সব ঘটনার দায় শিবিরের ওপর চাপিয়ে দেয়ার পরিণতি কারও জন্য ভাল হবে না।